Vol. 141 Issue 174

Chattagram Maa-O-Shishu Hospital

Bulletin

January-March 2015

For Internal Circulation Only

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের নবনির্মিত বিশেষায়িত শিশু বিকাশ কেন্দ্রের আনুষ্ঠানিক উদ্বোধন

গত ১৫/০৩/২০১৫ ইং তারিখ রবিবার বেলা ১১.০০ ঘটিকার সময় চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের নবনির্মিত শিশু বিকাশ কেন্দ্রের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। এ উপলক্ষে মেডিকেল কলেজের লেকচার গ্যালারীতে কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম এর সভাপতিত্বে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট সমাজ সেবক, ফিনলে গ্রুপ এর ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব এ কিউ আই চৌধুরী, ওবিই। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইষ্টার্ন ব্যাংক লিঃ এর পরিচালক জনাব মোফাখখারুল ইসলাম খসরু ও জনাব এ কিউ আই চৌধুরীর সহধর্মীনি মিসেস জেসমিন ইসলাম চৌধুরী। অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন হাসপাতালের কার্যনির্বাহী কমিটির জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান আরা ইসলাম, ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন, জয়েন্ট জেনারেল সেক্রেটারী জনাব নুর মোহাম্মদ, ডোনার মেম্বার জনাব মোঃ রেজাউল করিম আজাদ, কার্যনির্বাহী কমিটির সদস্য জনাব খায়েজ আহমেদ ভূঁইয়া, চমাশিহা মেডিকেল কলেজের প্রিন্সিপাল প্রফেসর এ এস এম মোস্তাক আহমেদ, ভারপ্রাপ্ত পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নুরুল হক ও ইনষ্টিটিউট অব চাইল্ড হেলথ এর পরিচালক প্রফেসর ডাঃ মাহমুদ আহমেদ চৌধুরী আরজু। প্রধান অতিথি জনাব এ কিউ আই চৌধুরী তার বক্তব্যে বলেন, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল নিঃসন্দেহে একটি ব্যতিক্রমধর্মী প্রতিষ্ঠান। বর্তমানে এই হাসপাতাল একটি বিশাল প্রতিষ্ঠান হিসেবে প্রতিষ্ঠা লাভ করেছে। এই প্রতিষ্ঠানের সাথে যারা জড়িত তাদের আন্তরিকতা, সততা ও নিষ্ঠার কারণে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল আজকের এই অবস্থানে এসে পৌছেছে। তিনি এজন্য হাসপাতাল পরিচালনার সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানান। তিনি আরো বলেন, হাসপাতালের শিশু বিকাশ কেন্দ্রটি এই হাসপাতালের জন্য আরো একটি গুরুত্বপূর্ণ সংযোজন। শারীরিক ও মানসিক প্রতিবন্ধি শিশুদের এখানে চিকিৎসা সেবা প্রদান করা হচ্ছে এবং প্রতিবন্ধি শিশুদের সব ধরনের চিকিৎসার এখানে ব্যবস্থা রয়েছে। এটি নিঃসন্দেহে একটি গুরুত্বপূর্ণ বিষয়। প্রধান অতিথি আরো বলেন, তিনি এবং তার পরিবার এই হাসপাতালের সাথে অতীতেও ছিলেন ভবিষ্যতেও থাকবেন। তিনি হাসপাতালের শিশু বিকাশ কেন্দ্র এবং হাসপাতালের সার্বিক উন্নয়নের জন্য তার নিজের এবং প্রতিষ্ঠানের পক্ষ থেকে সব সময় সম্ভব সকল সহযোগিতার আশ্বাস প্রদান করেন। তিনি হাসপাতাল কর্তৃপক্ষকে তাকে আমন্ত্রণ জানানোর জন্য বিশেষ ভাবে ধন্যবাদ জ্ঞাপন করেন। বিশেষ অতিথি জনাব মোফাখখারুল ইসলাম খসরু চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের উন্নয়নে তার ব্যক্তিগত ও প্রতিষ্ঠানের পক্ষ থেকে সম্ভব সকল সহযোগিতার আশ্বাস প্রদান করেন। কার্যনির্বাহী কমিটির জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান আরা ইসলাম বলেন, আমরা কার্যনির্বাহী কমিটি নবীন ও প্রবীনের সমন্বয়ে সম্মিলিতভাবে কাজ করছি। আমরা এ প্রতিষ্ঠানকে একটি বিশ্বমানের প্রতিষ্ঠান হিসেবে গড়ে তুলতে চাই। এজন্য প্রয়োজন সকলের সহযোগিতা। কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম প্রধান অতিথিকে হাসপাতাল পরিদর্শনে আসার জন্য আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। এর আগে প্রধান অতিথি হাসপাতালের শিশু বিকাশ কেন্দ্র আনুষ্ঠানিক ভাবে উদ্বোধন করেন। তিনি হাসপাতালের বিশেষায়িত চিকিৎসা সেবা বিশেষ করে আইসিইউ, সিসিইউ, এনআইসিইউ, শিশু আইসিইউ বিভাগ সমূহ পরিদর্শন করেন এবং হাসপাতালের চিকিৎসা সেবা ও সার্বিক কার্যক্রমের ভূয়সী প্রশংসা করেন। অনুষ্ঠানে হাসপাতাল ও মেডিকেল কলেজের শিক্ষক/শিক্ষিকা, ডাক্তার, নার্স, কর্মকর্তা ও কর্মচারীগণ অংশ গ্রহণ করেন। এখানে বিশেষ ভাবে উল্লেখ্য যে, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের বিশেষায়িত শিশু বিকাশ কেন্দ্রে শারীরিক ও মানসিক প্রতিবন্ধি শিশুদের সমন্বিত ভাবে সব ধরনের চিকিৎসা সেবার ব্যবস্থা রয়েছে। প্রতিবন্ধি শিশুদের চিকিৎসা সেবার জন্য এখানে অত্যাধুনিক মেডিকেল যন্ত্রপাতি, প্লে গ্রাউন্ড সহ সকল সুযোগ সুবিধা রয়েছে। চট্টগ্রামে এটিই একমাত্র শারীরিক ও মানসিক প্রতিবন্ধিদের জন্য সমন্বিত চিকিৎসা সেবা প্রতিষ্ঠান। সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন হাসপাতালের কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন।

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালে নবনির্মিত শিশু বিকাশ কেন্দ্রের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছেন বিশিষ্ট সমাজসেবক ও ফিনলে গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও এ কিউ আই চৌধুরী, ওবিই

President's Corner

AN APPRECIATION

On the eve of retirement from active service of Mrs. Malati Barua, Matron/Nursing Superintendent/Advisor of the hospital. I, on behalf of the Executive Committee, Chittagong Maa-O-Shishu Hospital, would like to record our deep sense of gratitude, thanks and appreciation for the unparallel services rendered by her during a long period of 24 years, specially in the field of development of nursing services of the hospital.

Her engagement, dedication, commitment and contribution for development of the organization shall remain boldly written in the annals of Chattagram Maa-O-Shishu Hospital.

She shall always remain an honored friend of the organisation.

May she live a happy enjoyable long retired life. Ameen!

With warm wishes

A.S.M Fazlul Karim
President, Executive Committee
Chattagram Maa-O-Shishu Hospital
Agrabad, Chittagong.

দৃষ্টি আকর্ষণ

১) হাসপাতালের বহির্বিভাগ সকাল ৮.০০ টা থেকে রাত ৮.০০ টা পর্যন্ত খোলা থাকে এবং রোগীদের চিকিৎসা সেবা প্রদান করা হচ্ছে।

২) বিভিন্ন বিভাগের বিশেষজ্ঞ চিকিৎসকদের সকাল বেলা ও বিকাল বেলা কনসালট্যান্সী সার্ভিস চালু আছে।

৩) অবস এন্ড গাইনী বিভাগে স্বল্প খরচে নরমাল ডেলিভারি, সিজারিয়ান অপারেশন, জরায়ু অপারেশন সহ সকল চিকিৎসা সেবার ব্যবস্থা রয়েছে।

৪) বিশেষজ্ঞ চিকিৎসকের তত্ত্বাবধানে ও স্বল্প খরচে আইসিইউ, সিসিইউ ও কিডনী ডায়ালাইসিস সার্ভিস চালু আছে।

৫) বিশেষজ্ঞ চিকিৎসকের তত্ত্বাবধানে ও অত্যাধুনিক যন্ত্রপাতি সমন্বয়ে ২৪ ঘন্টা ডায়াগনস্টিক সার্ভিস চালু আছে।